যুগান্তর

তারিখ ...01 MAY 2008
পৃষ্ঠা ৫ কলাম ৪

# 'স্কুল ফিডিং কার্যক্রম'র জন্য জাতিসংঘের ২০ লাখ ডলার অনুদান

যুগান্তর রিপোর্ট

সিডর আক্রান্ত জেলাগুলোর এক লাখ প্রাথমিক বিদ্যালয়ে 'স্কুলফিডিং কার্যক্রম'-এর জন্য ২০ লাখ মার্কিন ডলার অনুদান দিয়েছে জাতিসংঘের কৃষি বিভাগ। জাতিসংঘের বিশ্বখাদ্য কর্মসূচি বা ডব্লিউএফপি'র মাধ্যমে ব্যয় হবে' এ অর্থ। বুধবার এ অর্থ গ্রহণ করে ডব্লিউএফপি'র ঢাকা অফিস। কার্যক্রমের অধীনে ইতিমধ্যে জানুয়ারিতে শিশুদের মাঝে পুষ্টিসমৃদ্ধ বিস্কুট বিতরণ করা হয়েছে।

ডব্লিউএফপি বর্তমানে দেশের সাড়ে ৩ লাখ স্কুলে এই স্কুলফিডিং কার্যক্রম চালাচ্ছে। ২০০১ সালে শুরু হয়েছে কর্মসূচি। ওই কর্মসূচির মাধ্যমে জাতিসংঘের একই বিভাগ ৪ কোটি মার্কিন ডলার ব্যয় করছে।

ডব্লিউএফপি কর্মকর্তা এম ইমামুল হক যুগান্তরকে জানান, ২০০১ সালে স্কুলফিডিং কার্যক্রম শুরু হলেও সিডর আক্রান্ত জেলাগুলোতে কার্যক্রমটি ছিল না। জানুয়ারি মাসে কার্যক্রম শুরু হয়েছে।